

বঙ্গভবন, ২২ মার্চ ২০২২:

মহান স্বাধীনতা দিবস এবং জাপান-বাংলাদেশ কূটনৈতিক সম্পর্কের ৫০ বছরপূর্তি উপলক্ষ্যে জাপানের সন্মাত নারুহিতো বাংলাদেশের সরকার ও জনগণকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত ITO NAOKI আজ সন্ধ্যায় বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের কাছে জাপানের সন্মাতের অভিনন্দন ও শুভেচ্ছা বার্তা হস্তান্তর করেন। সন্মাত নারুহিতো অভিনন্দন বার্তায় বাংলাদেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করেন।

সাক্ষাৎকালে রাষ্ট্রপতি বলেন, স্বাধীনতার পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জাপান সফরের মধ্য দিয়ে দুই দেশের সম্পর্কের যে ভিত রচিত হয়েছিল তা আজ বাণিজ্য-বিনিয়োগসহ বিভিন্ন খাতে বিস্তৃত। জাপান বাংলাদেশের গুরুত্বপূর্ণ উন্নয়ন অংশীদার উল্লেখ করে রাষ্ট্রপতি স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের পুনর্গঠনে জাপানের অবদান এবং বাংলাদেশের অবকাঠামোসহ বিভিন্ন খাতে জাপানের উন্নয়ন সংস্থা জাইকার ভূমিকা তুলে ধরেন। রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশের বিভিন্ন খাতে জাপানের বিনিয়োগ দেশের আর্থসামাজিক উন্নয়নে ব্যাপক অবদান রাখছে। রাষ্ট্রপতি আবদুল হামিদ আশা করেন, ভবিষ্যতেও দুই দেশের এ সম্পর্ক আরও সম্প্রসারিত হবে।

সাক্ষাৎকালে জাপানের রাষ্ট্রদূত বলেন বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে আগামীতেও জাপানের সহযোগিতা অব্যাহত থাকবে।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহ উদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খান এ সময় উপস্থিত ছিলেন।